ডাকসু নেতার বাড়িতে অগ্নিসংযোগের অভিযোগ, পুলিশের সন্দেহ ‘এআই’ ভিডিও



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) স্বাস্থ্য ও পরিবেশবিষয়ক সম্পাদক আব্দুল্লাহ আল মিনহাজের ময়মনসিংহের বাড়িতে আগুন দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও ছাত্রলীগের নেতা-কর্মীদের দায়ী করেছেন তিনি। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া আগুনের ভিডিওটি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) দিয়ে তৈরি হতে পারে বলে ধারণা করছে পুলিশ।

সোমবার (২৩ নভেম্বর) ভোরে ময়মনসিংহের গফরগাঁও উপজেলার পাঁচবাগ ইউনিয়নের বাড়িহাটি এলাকায় এ ঘটনা ঘটে বলে দাবি করেন মিনহাজ। বিকেলে নিজের ফেসবুক পেজে আগুনের একটি ভিডিও প্রকাশ করে তিনি জানান, ঘটনার সময় তাঁর বাবা-মা বাড়ির ভেতরে ঘুমিয়ে ছিলেন। পরে কেরোসিনের গন্ধ, বোতল ও দেয়ালে পোড়া দাগ পাওয়ার কথাও উল্লেখ করেন তিনি।

তবে বাড়িতে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে কি না, তা এখনো নিশ্চিত হতে পারেনি পুলিশ। পাগলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আমিনুল ইসলাম জানান, সকালে মিনহাজ তাঁকে ফোন করে বাড়িতে আগুন লাগার একটি ভিডিও দেখার কথা জানিয়েছিলেন। তখন ভিডিওটি এআই দিয়ে তৈরি বলে সন্দেহের কথাও বলেছিলেন। তবে বাড়িতে তাঁর বাবা-মা থাকায় বিষয়টি গুরুত্ব দিয়ে দেখতে অনুরোধ করেন।

ওসি আরও জানান, বিকেলে মিনহাজ আবার ফোন করে বাবা-মায়ের সঙ্গে কথা বলার পর বাড়িতে আগুন দেওয়ার বিষয়টি নিশ্চিত হওয়ার কথা জানান। তবে ছড়িয়ে পড়া ভিডিওটি এআই দিয়ে তৈরি বলে পুলিশের ধারণা।